২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ১২শ সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : বৃহস্পতিবার, ১৩ মে ২০১০

সময় : বিকাল ৬:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ২৪ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বাগেরহাটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি পর্যালোচনা
৪. সুনামগঞ্জে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনা কর্মসূচি এবং প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের অগ্রগতি পর্যালোচনা
৫. বিটিআরসি কর্তৃক আয়োজিত WTISD-2010 মেলায় বিসিএস-এর অংশগ্রহণ
৬. সমিতিতে সদস্যতা প্রসঙ্গে
৭. বিবিধ

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২৪ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি ২৪ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ২৪ এপ্রিল ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তাঁর নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

২৪ এপ্রিল ১৩ মে ২০১০

২৪ এপ্রিল রাতে সভাপতি গ্রামীন ফোনের উপ মহা ব্যবস্থাপনা পরিচালক জনাব রায়হান শামসিসহ একটি উচ্চ পর্যায়ের টিমের সাথে দ্বিপাক্ষিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে আলোচনা করেন। বৈঠকে গ্রামীন ফোনের সাথে তথ্যপ্রযুক্তি সচেতনতা কর্মসূচি পালন বিষয়ে আলোচনা হয় এবং উভয়পক্ষ এই কর্মসূচি অবিলম্বে চালু করার বিষয়ে একমত হয়। ২৫ এপ্রিল ২০১০ সভাপতি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে আইসিটি পলিসি নবায়ন বিষয়ক একটি সভায় যোগ দেন। ২৭ এপ্রিল ২০১০ সভাপতি কক্সবাজারের জেলা প্রশাসন আয়োজিত ডিজিটাল বাংলাদেশ বিষয়ক সেমিনার পরিচালনা করেন। ২৯ এপ্রিল ২০১০ সভাপতি ময়মনসিংহ জেলা প্রশাসন আয়োজিত ডিজিটাল বাংলাদেশ বিষয়ক সেমিনার পরিচালনা করেন। ৩০ এপ্রিল ২০১০ সভাপতি নেত্রকোণা জেলার দুর্গাপুরের বিরিশিরিতে ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি সেমিনার পরিচালনা করেন যাতে গারো উপজাতীয় তরুণ-তরুণীরা অংশ গ্রহণ করে। ৫ মে ২০১০ সভাপতি অগ্রণী ব্যাংক প্রশিক্ষণ কেন্দ্র আয়োজিত ব্যাংকে আইসিটির ব্যবহার বিষয়ে মুখ্য আলোচক হিসেবে যোগ দেন। ৬ মে ২০১০ সভাপতি প্রেস ইন্সটিটিউট আয়োজিত ইন্টারনেট ও তথ্য যোগাযোগ প্রযুক্তির ব্যবহার বিষয়ে মূল আলোচনা উপস্থাপনা করেন। ৭ মে ২০১০ সভাপতি চট্টগ্রামের ল্যাপটপ ফেয়ারে তথ্যপ্রযুক্তি নির্ভর শিক্ষা বিষয়ে মূল প্রবন্ধ উপস্থাপন করেন। ৮ মে ২০১০ সভাপতি বাগেরহাটের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি পরিচালনা করেন। ১১ মে ২০১০ সভাপতি সংস্কৃতি মন্ত্রণালয় আয়োজিত কপিরাইট আইন সংশোধন সংক্রান্ত সভায় যোগ দেন। ১২ মে ২০১০ সভাপতি ক্যাম্পাস পত্রিকায় ডিজিটাল বাংলাদেশ বিষয়ক একটি সেমিনার পরিচালনা করেন। ১২ মে ২০১০ সভাপতি বাংলাদেশ প্রেস ইন্সটিটিউটে তথ্যপ্রযুক্তি বিষয়ে দুটি সেমিনার পরিচালনা করেন। ১৩ মে ২০১০ সভাপতি বিসিএস কম্পিউটার সিটি কমিটির নির্বাচনের নির্বাচন কমিশনের প্রথম সভায় সভাপতিত্ব করেন। একই দিনে সভাপতি বিসিএস সদস্য কম্পিউটার সোর্স লিমিটেডের সাথে শিক্ষায় তথ্যপ্রযুক্তির ব্যবহারের বিষয়াদি নিয়ে আলোচনা করেন।

মহাসচিব তাঁর কার্যবিবরণীতে উল্লেখ করেন, বিসিএস সচিবালয়ের কর্মকান্ড তত্ত্বাবধানের জন্য তিনি প্রতিদিন সচিবালয়ে আসেন এবং সার্বিক বিষয়াদি দেখাশোনা করেন।

আলোচ্যসূচি-৩ : বাগেরহাটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি পর্যালোচনা

আলোচনা : বাগেরহাটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচির সমন্বয়ক জনাব কাজী আশরাফুল আলম জানান, ০৮ মে ২০১০ তারিখে বাগেরহাটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি সফলভাবে আয়োজনের লক্ষ্যে খুলনাস্থ বিসিএস-এর শাখা কমিটির কয়েকজন সদস্যবৃন্দসহ তিনি ০৫ মে ২০১০ থেকে খুলনায় অবস্থান করেন এবং আয়োজনের প্রস্তুতি

নিজে তত্ত্বাবধান করেন। তিনি জানান যে উদ্বোধনী অনুষ্ঠানে বাগেরহাট-২ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মীর শওকাত আলী বাদশা প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানের মাধ্যমে প্রায় চার শতাধিক ছাত্র-ছাত্রীসহ বিভিন্ন শ্রেণী-পেশার নাগরিক আধুনিককালের সবচেয়ে বিস্ময়কর আবিষ্কার তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) তথা কম্পিউটার বিজ্ঞানের কলাকৌশল বিষয়ক সম্যক ধারণা লাভ করে। প্রধান অতিথি, সমন্বয়ক জনাব কাজী আশরাফুল আলম, খুলনাস্থ বিসিএস-এর সদস্যবৃন্দসহ উক্ত কর্মসূচি সফলভাবে আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ প্রদানের জন্য মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় প্রস্তাব উত্থাপন করেন।

সিদ্ধান্ত : প্রধান অতিথি, সমন্বয়ক জনাব কাজী আশরাফুল আলম, খুলনাস্থ বিসিএস-এর সদস্যবৃন্দসহ বাগেরহাটে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি সফলভাবে আয়োজনে যেসব সম্মানিত ব্যক্তিবর্গ ও প্রতিষ্ঠান সহযোগিতা প্রদান করেছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ ও ধন্যবাদ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : সুনামগঞ্জে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনা কর্মসূচি এবং প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের অগ্রগতি পর্যালোচনা

আলোচনা : ১৬ মে ২০১০ তারিখে সুনামগঞ্জে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনা কর্মসূচি আয়োজনের সমন্বয়কের দায়িত্বপ্রাপ্ত জনাব মোঃ শাহিদ-উল-মুনীর জানান, সুনামগঞ্জ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ মতিউর রহমান প্রধান অতিথি এবং সুনামগঞ্জের জেলা প্রশাসক (ভারপ্রাপ্ত) বিশেষ অতিথি উপস্থিত থাকতে সদয় সম্মত হয়েছেন। স্থানীয় শহীদ আবুল হোসেন মিলনায়তনে উক্ত কর্মসূচি আয়োজনের প্রস্তুতি প্রায় সম্পন্ন। এ ব্যাপারে সিলেটস্থ বিসিএস-এর সদস্যবৃন্দ সর্বোত সহায়তা প্রদান করছেন।

২৪-২৫ মে ২০১০ তারিখে ঢাকায় প্রশিক্ষণ কর্মসূচির সমন্বয়কের দায়িত্বপ্রাপ্ত জনাব মজিবুর রহমান স্বপন জানান, প্রশিক্ষণের বিষয় নির্ধারণ করা হয়েছে “কাস্টমার সার্ভিস এক্সিলেন্স” এবং আয়োজনের স্থান হিসেবে নির্ধারণ করা হয়েছে শের-ই-বাংলা নগরের আইডিবি ভবনের মিটিং রুম-১। দুই দিনের এই প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা করবেন জনাব এস.এম মনজুরুল ইসলাম চৌধুরী। ইতিমধ্যে বিসিএস সদস্যদের কাছে ইমেইলে এই প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য আগ্রহপত্র আহবান করা হয়েছে।

সিদ্ধান্ত সুনামগঞ্জের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সচেতনতা কর্মসূচি এবং ঢাকার প্রশিক্ষণ কর্মসূচি সুচারুভাবে সম্পন্ন করার জন্য সকল কার্যকর ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচ্যসূচি-৫ : বিটিআরসি কর্তৃক আয়োজিত WTISD-2010 মেলায় বিসিএস-এর অংশগ্রহণ

আলোচনা : মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, বিশ্ব টেলিযোগাযোগ ও তথ্য সংঘ দিবস ২০১০ উপলক্ষ্যে বিটিআরসি আগামি ১৭-১৯ মে ২০১০ তারিখ ০৩ দিনব্যাপি বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ‘WTISD-2010’ নামে একটি মেলার আয়োজন করেছে এবং বাংলাদেশ কম্পিউটার সমিতিকে উক্ত মেলায় অংশগ্রহণের আমন্ত্রণ জানিয়েছে। সেমতে, সদস্য কোম্পানিদের কাছে মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহপত্র আহবান করা হয়। এ পর্যন্ত রিশিত কম্পিউটার্স লিঃ, স্টার হোস্ট লিঃ, কম্পিউটার সোর্স লিঃ, আরএম সিস্টেমস লিঃ, সিনেটকম টেকনোলজি বাংলাদেশ প্রাঃ লিঃ এবং বিজয় ডিজিটাল-মোট ৬ টি কোম্পানি মেলায় অংশগ্রহণের জন্য আগ্রহ প্রকাশ করেছে। মেলায় বাংলাদেশ কম্পিউটার সমিতি-র

একটি স্টল/বুথ স্থাপনের জন্য পরিচালকগণ মত পেশ করেন, যাতে মেলায় আগত দর্শকবৃন্দ বিসিএস এর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত জানতে পারেন। মহাসচিব জানান যে স্টল তৈরী করার ব্যয় হিসেবে সমিতি অংশগ্রহণকারীদের কাছ থেকে আবেদনকারী প্রতি পাচ হাজার টাকা আদায় করা যেতে পারে।

সিদ্ধান্ত : ‘WTISD-2010’ মেলায় বাংলাদেশ কম্পিউটার সমিতি-র একটি স্টল/বুথ স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয় এবং আবেদনকারী ছয়টি প্রতিষ্ঠানকে স্টলপ্রতি পাঁচ হাজার টাকা প্রদান সাপেক্ষে অংশগ্রহণ করার সুযোগ দেবার সিদ্ধান্ত নেয়া হয় ।

আলোচ্যসূচি-৬ : সমিতিতে সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে ডিভাইন আই,টি লি:, ই-সফট, বিডি-টেক, পি.সি রিলেশন এবং সিটিজেন কম্পিউটারস - মোট ৫টি কোম্পানির সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনে সায় প্রদান করেন।
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম সংশ্লিষ্ট দলিলপত্র ও তথ্যাদিসহ সদস্য কোম্পানি ওয়ানকল (সদস্য নং৭৩৭)-এর নাম পরিবর্তন করে ওয়ানকল সলিউশনস লিমিটেড করার আবেদনপত্রটি সভায় উপস্থাপন করেন। উক্ত আবেদন অনুমোদনে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে নিম্নলিখিত ৫ টি কোম্পানির সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
ডিভাইন আই,টি লি:	৭৭৩
ই-সফট	৭৭৪
বিডি-টেক	৭৭৫
পি.সি রিলেশন	৭৭৬
সিটিজেন কম্পিউটারস	৭৭৭

- সমিতি’র সদস্য কোম্পানি ওয়ানকল (সদস্য নং৭৩৭)-এর নাম পরিবর্তন করে ওয়ানকল সলিউশনস লিমিটেড করার সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৭ : বিবিধ

আলোচনা :

- ক্রয় সংক্রান্ত উপ-কমিটি উপ-কমিটির চেয়ারম্যান জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, বিসিএস-এর ভাড়া করা গোদামে রক্ষিত যাবতীয় মালামাল যেমন: থাই এলুমিনিয়াম, পুরাতন ইলেকট্রিক্যাল সুইচবোর্ড, পুরাতন ইলেকট্রিক্যাল তার, প্লাইবোর্ড, লোহা জাতীয় দ্রব্য ইত্যাদি (মেলার জন্য ব্যবহৃত স্টলের কাঠামো) বিক্রির জন্য ৩ টি দরপত্র বিসিএস কার্যালয়ে জমা পড়েছে। ক্রয় সংক্রান্ত উপ-কমিটি

৩ টি দরপত্র যাচাই-বাছাই করে সর্বোচ্চ দরদাতা মাসুম পেপার হাউজ-এর নিকট ১,৪৫,০০০/- (এক লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকায় উল্লেখিত মালামাল বিক্রির প্রস্তাব করেছেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত মূল্যে উক্ত মালামাল বিক্রির প্রস্তাব অনুমোদনে সায় প্রদান করেন। ১,৪৫,০০০/- (এক লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকা সমিতিতে জমা দেওয়ার পর গোদামে রক্ষিত মালামাল হস্তান্তর করার পক্ষেও তারা মতামত প্রদান করেন।

সিদ্ধান্ত :

- ক্রয় সংক্রান্ত উপ-কমিটি উপ-কমিটির সুপারিশমতে সর্বোচ্চ দরদাতা মাসুম পেপার হাউজ-এর নিকট ১,৪৫,০০০/- (এক লক্ষ পয়তাল্লিশ হাজার) টাকায় গোদামে রক্ষিত যাবতীয় মালামাল যেমন: থাই এলুমিনিয়াম, পুরাতন ইলেকট্রিক্যাল সুইচবোর্ড, পুরাতন ইলেকট্রিক্যাল তার, প্লাইবোর্ড, লোহা জাতীয় দ্রব্য ইত্যাদি (মেলার জন্য ব্যবহৃত স্টলের কাঠামো) বিক্রির সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি